সংবাদ

তারিখ ..26. APR. 2009...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৩...

# প্রথম শ্রেণীর পদমর্যাদার দাবিতে মাধ্যমিক শিক্ষকদের অনশন

সংবাদ ডেস্ক

প্রথম শ্রেণীর পদমর্যাদার দাবিতে মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা গত শুক্রবার সারাদেশে অনশন কর্মসূচি পালন করে। সংবাদ প্রতিনিধিদের পাঠানো খবর :

**কুড়িগ্রাম** : কুড়িগ্রাম জেলার সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও শিক্ষিকারা তাদের চাকরি প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদার দাবিতে কুড়িগ্রাম শহীদ মিনার চত্বরে অনশন কর্মসূচি পালন করে। শুক্রবার বিকেল ৩টা থেকে অনশন কর্মসূচিতে অংশ নেয় কুড়িগ্রাম জেলার ৫টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা। তাদের দাবির সঙ্গে একাত্মতা ঘোষণা করে শরবত পান করিয়ে অনশন ভাঙান কুড়িগ্রাম-২ আসনের সংসদ সদস্য মো. জাফর আলী ও পৌর মেয়র আবু বকর সিদ্দিক।

অনশন চলাকালীন শিক্ষকদের পক্ষে বক্তব্য রাখেন দেওয়ান এনামুল হক, আবদুল হাই সিদ্দিকি, রুহুল আমীন, কাজী কাদের, মোসলেম উদ্দিন, গোলেনুর বেগম, আক্তারুল ইসলাম, মো. নূর ইসলাম প্রমুখ।

**ভোলা** : ভোলা প্রেসক্লাব চত্বরে গত শুক্রবার সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদার দাবিতে প্রতীক অনশন কর্মসূচি পালন করেছে। এসময় বক্তব্য রাখেন কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহ্বায়ক মো. আলী বেলাল, মাকসুদুর রহমান, সফিকুল ইসলাম, মনিরুল ইসলাম, মফিজুল ইসলাম, বাবুল হোসেন সংগ্রাম, হাবিবুর রহমান প্রমুখ।

**নাটোর** : সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা বাস্তবায়নের দাবিতে গত শুক্রবার নাটোরে বেলা তিনটা থেকে ছয়টা পর্যন্ত তিন ঘণ্টার প্রতীক অনশন কর্মসূচি পালন করা হয়। জেলা শাখার সভাপতি মো. আমজাদ হোসেন ও সাধারণ সম্পাদক জাসমিন আহমেদের নেতৃত্বে নাটোর জেলার তিনটি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা মিলিয়ে প্রায় ৪০ জন প্রতীক অনশনে অংশ নেন। অনশন শেষে রাজশাহী শিক্ষা বোর্ডের সাবেক কলেজ পরিদর্শক অধ্যক্ষ একেএম নজরুল ইসলাম এবং শিক্ষাবিদ সৈয়দ মো. নাসিহ্ পানি পান করিয়ে শিক্ষকদের অনশন ভঙ্গ করান।

**রাজশাহী** : প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা বাস্তবায়নের দাবিতে সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষকরা রাজশাহীতে অনশন পালন করেছে। বাংলাদেশ সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতির ডাকে নগরীর সাহেববাজার জিরোপয়েন্টে গত শুক্রবার বিকেল ৩টা থেকে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত এ অনশন কর্মসূচি পালিত হয়। এতে রাজশাহী জেলার সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা অংশগ্রহণ করেন। সন্ধ্যায় অনশনরত শিক্ষকদের দাবির প্রতি একাত্মতা ঘোষণা করে শিক্ষকদের অনশন ভঙ্গ করান রাজশাহী-৩ আসনের সংসদ সদস্য মেরাজউদ্দিন মোল্লা।